দৈনিক সংবাদ

APR 24 2002

তরুণ গবেষক ও লেখক।

# শামীম ওসমানকে না'গঞ্জে অবাঞ্ছিত ঘোষণা করেছে ছাত্রদলের একটি অংশ

নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ নারায়ণগঞ্জে শ্যামীম ওসমানকে অবাঞ্ছিত ঘোষণা এবং শামীম ওসমান সমর্থিত আওয়ামী লীগের সকল কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করেছে তোলারাম কলেজ ছাত্রদলের একটি গ্রুপ।

সরকারি তোলারাম বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক দাবিকারী মনিরুজ্জামান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, নারায়ণগঞ্জে বোমা হামলায় ২২ জন হত্যা ও গত আওয়ামী লীগ আমলের সকল হত্যার প্রতিবাদে মঙ্গলবার সকাল ১০টায় তোলারাম কলেজ শাখা ছাত্রদলের উদ্যোগে এক মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। রেলগেট এলাকায় অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক দাবিকারী আহসানুল হক বিদ্যুৎ।